এসআইআর নিয়ে হয়রানির অভিযোগে জেলায় জেলায় বিক্ষোভ অব্যাহত।

**উত্তর ২৪ পরগণার** বারাসাত ব্লক দুই বিডিও অফিসে CPIM-এর স্মারকলিপি জমা দেওয়া নিয়ে ধুন্ধুমার কান্ড ঘটে। অভিযোগ, শাসক দল আশ্রিত দুষ্কৃতীরা হঠাৎ'ই রড, বাঁশ লাঠি নিয়ে তাঁদের ওপর চড়াও হয়। বেশ কয়েকজন আহত হলে তাদের বারাসাত মেদিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। জেলার সন্দেশখালির ন্যাজাটে বিডিও অফিসে এস আই আর-এর শুনানি চলাকালীন ভোটাররা বিডিও অফিসে ভাঙচুর চালায়। জেলার বাদুড়িয়া যদুরহাটি কুলবেড়িয়া হসপিটাল মোড়ে হেনস্থার অভিযোগে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় গ্রামবাসীরা। বারাসাতের কাজিপাড়া এলাকাতেও একই অভিযোগে রাস্তা অবরোধ করা হয়।

অপরদিকে, **পূর্ব বর্ধমানের** খন্ডঘোষেও স্মারকলিপি জমা দেওয়াকে কেন্দ্র করে সংঘাতে জড়িয়ে পড়ে তৃণমূল কংগ্রেস ও CPIM-এর কর্মীরা। জামিয়াত উলেমা হিন্দ-এর তরফে'ও জেলাশাসকের দপ্তরে গতকাল স্মারকলিপি জমা দেওয়া হয়।

**বাঁকুড়ায়** SIR-এর শুনানির নামে সংখ্যালঘুদের বেছে বেছে হয়রানি করা হচ্ছে, এই অভিযোগ তুলে জেলাশাসকের দপ্তরের সামনে প্রবল বিক্ষোভ দেখায় জামিয়াত-এ-উলেমা-হিন্দ-এর কর্মীরা।

জলপাইগুড়িতে স্থানীয় এক মহিলা শুনানিতে হাজির হওয়ার পর, বাংলাদেশী তকমা দিয়ে তাঁর নথিপত্র গ্রহণ না করায় গতকাল BDO অফিসের সামনে তৃণমূল কংগ্রেস-এর কর্মীরা বিক্ষোভ দেখান। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশ বাহিনী। দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীতে রাজ্য সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে প্রতিবাদ বিক্ষোভে সামিল হন এলাকাবাসী।

অন্যদিকে, শুনানির সময় সাধারণ মানুষের হয়রানির প্রতিবাদে কলকাতায় মুখ্যনির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে প্রদেশ কংগ্রেসের বিক্ষোভ কর্মসূচীকে কেন্দ্র করে ধুন্ধুমার বাধে।

********************

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই পশ্চিমবঙ্গে এসআইআর–এর কাজ করতে হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জেলাশাসকদের নির্দেশ দিয়েছেন। নবান্নে গতকাল

